

ছাত্রছাত্রীদের পরিচালনায় গড়বেতা কলেজে রক্তদান শিবির

পত্রিকা প্রতিনিধি : গড়বেতা কলেজের ছাত্র-ছাত্রীদের পরিচালনায় শনিবার কলেজে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। সহযোগিতা করে মেদিনীপুর জেলা ভলান্টারি ব্লাড ডোনর্স ফোরাম। গ্রীষ্মকালীন রক্ত সঙ্কট মেটাতে আর্ত মানুষের পাশে দাঁড়াতে এই উদ্যোগের জন্য ফোরামের পক্ষ থেকে কলেজের অধ্যক্ষ ড. হরিপ্রসাদ সরকার সহ সমস্ত ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হয়। শিবিরে ফোরামের সম্পাদক, ১৫১ বারের রক্তদাতা জয়ন্ত মুখার্জী, কলেজের এন এস এস এ এন ও মেজর তমাল দে সহ ৩৮ জন রক্তদান করেন। এদিন



শিবিরের সূচনা করেন অধ্যক্ষ। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজ পরিচালন সমিতির সরকারি প্রতিনিধি অসীম কুমার ওঝা, আই কিউ এ সি -এর কো অর্ডিনেটর ড. সুশীল কুমার ঘোষ,

টিচার্স কাউন্সিলের সম্পাদক ড. সাজেদ বিশ্বাস সহ অন্যান্য কলেজ শিক্ষক ও শিক্ষা কর্মীবৃন্দ। এন সি সি ক্যাডাররা বেশি সংখ্যক রক্তদান করেন বলে অধ্যক্ষ জানিয়েছেন।

সফরে এ
এলাকাব
অনুষ্ঠানে
ব্রকের বি
স্বাস্থ্য আ
বিধায়ক
মুর্- সহ



স্বাধীন
দেখা
সন্তো
ধারণ
করে
করে
দিকে
অধ্য
সমষ্
যক্তি

কলেজে রক্তদান

▶▶ **গড়বেতা:** রক্তের জোগান বাড়াতে এগিয়ে এলেন কলেজ পড়ুয়ারা। শনিবার গড়বেতা কলেজের ছাত্রছাত্রীদের উদ্যোগে ক্যাম্পাসে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। রক্তদাতাদের উৎসাহিত করেন অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার।